ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



কেন রানির মা-বাবাকে নিজের ঘরে আটকে রেখেছিলেন যশ চোপড়া? পৃঃ ৫




পেনাল্টি ফিরিয়ে প্রশংসায় ভাসছেন রোনালদো পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ৩২৭ ● কলকাতা ● ১৬ অগ্রহায়ণ, ১৪৩০ ● রবিবার ● ০৩ ডিসেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## সর্বদল বৈঠকে কেন্দ্রকে

## কোণঠাসা করতে ৬টি ইস্যুকে হাতিয়ার করল শাসকদল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সোমবার সংসদের শীতকালীন অধিবেশন শুরু হচ্ছে। তার আগে সর্বদল বৈঠকে কেন্দ্রকে কোণঠাসা করতে ৬টি ইস্যুকে হাতিয়ার করল এরাজ্যের শাসকদল। তৃণমূলের তরফে লোকসভার দলনেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েন ওই বৈঠকে অংশ নেন।এদিনের সর্বদল বৈঠকে কেন্দ্র জানিয়েছে, ৪ ডিসেম্বর থেকে শীতকালীন অধিবেশন হবে। মোট ১৫দিন সংসদ বসবে। তার আগে সর্বদল বৈঠকে ২৩টি দল ৩০ জন নেতা উপস্থিত ছিলেন। সরকার পক্ষের দাবি, তাঁরা সব বিরোধী দলের কাছে সহযোগিতা প্রার্থনা করেছে।ন্যায় সংহিতা আইন থেকে রাজ্যের বকেয়া-ছটি ইস্যু নিয়ে সরব হলেন তাঁরা।


তৃণমূলের প্রথম বক্তব্য, কেন্দ্র সংসদ অধিবেশনের আগের সর্বদল বৈঠক ডেকে শুধুই সময় নষ্ট করছে। এতে কাজের কাজ হয় না। আগের বারও সরকার অধিবেশনের মাঝপথে হঠাত করে বিল পেশ করে পাশ করিয়ে নিয়েছে। দুই, ভারতীয় ন্যায় সংহিতা, দণ্ড সংহিতা এবং সাক্ষ্য আইন, এই তিনটি আইন যেন এই অধিবেশনে পাশ করানো না হয়। এগুলোতে অনেক সংশোধন প্রয়োজন।

এরপর ৩ পাতায়

## মুখ্যমন্ত্রী মমতার সঙ্গে বৈঠক,

## আবার না যাওয়ারই সিদ্ধান্ত নিতে পারেন শুভেন্দু





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে মুখোমুখি বৈঠক এড়িয়ে যেতে পারেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। শুক্রবার বিরোধী দলনেতার বিধানসভার দফতরে চিঠি পাঠানো হয়েছে নবান্ন থেকে। তাতে আগামী ১৪ ডিসেম্বর বিরোধী দলনেতাকে আমন্ত্রণ জানানো হয়েছে নবান্নে। নবান্নের ১৪ তলায় মুখ্যমন্ত্রীর কনফারেন্স রুমে বিকেল ৩টেয় একটি বৈঠক রয়েছে।যদিও, প্রথমে এই বৈঠকটি হওয়ার কথা ছিল বিধানসভায়। আগামী সোমবার স্পিকারের ঘরে এই বৈঠকের ঘোষণা হয়েছিল। শুক্রবার বৈঠকের দিন এবং স্থান বদল করেছে নবান্ন। তাতেও বিরোধী দলনেতার মত বদল হবে না বলেই মনে করছে বিজেপি পরিষদীয় দলের একাংশ। কারণ, শীতকালীন অধিবেশনেও স্পিকার শুভেন্দুকে সাসপেন্ড করেছেন। আর পাল্টা বিজেপি পরিষদীয় দল ঠিক করেছে, মুখ্যমন্ত্রী বিধানসভার অধিবেশনে যোগদান করতে এলে তাঁকেও বয়কট করবে তারা। এ হেন সংঘাতের পরিবেশে মুখ্যমন্ত্রী-বিরোধী দলনেতার একসঙ্গে বৈঠক করার সম্ভাবনা কম বলেই মনে করছে প্রশাসনের একাংশ। তা ছাড়া বরাবর বিরোধী দলনেতা

এরপর ৩ পাতায়

## তৃণমূল-সহ ১৫ বিরোধী দল,

## দু'দিনের বৈঠক অসমে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মিজোরামে ভোটপর্ব মিটতেই উত্তর-পূর্বাঞ্চলে ততপর হল কংগ্রেস। আগামী লোকসভা নির্বাচনকে 'পাখির চোখ' করে বিজেপি বিরোধী জোট গঠনের সক্রিয়তা শুরু উত্তর-পূর্বের বৃহত্তম রাজ্য অসমে।আগামী দিনে ঐক্যবদ্ধ ভাবে 'নেডা'র মোকাবিলায় তাঁরা গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারেন। দীর্ঘ দিন উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যে কংগ্রেস সংগঠনের দায়িত্ব থাকা এআইসিসি সাধারণ সম্পাদক রণজিত মুখোপাধ্যায় বলেন, "অসমের ধাঁচে লোকসভা ভোটের আগে উত্তর-পূর্বের আরও কয়েকটি রাজ্যে বিরোধী জোট গড়া হবে।"ডিব্রুগড়ে শুক্রবার থেকে বিজেপি বিরোধী ১৫টি দলের দু'দিনের বৈঠক শুরু হয়েছে। অসম প্রদেশ কংগ্রেসের সভাপতি ভূপেন বরা বলেন, "আগামী লোকসভা ভোটে ন্যূনতম অভিন্ন কর্মসূচির ভিত্তিতে একজোট হয়ে বিজেপির বিরুদ্ধে লড়াইয়ের বিষয়ে আলোচনা হয়েছে আমাদের নতুন জোট 'ইউনাইটেড অপোজিশন ফোরাম অসম'-এর বৈঠকে।"কংগ্রেস ছাড়াও তৃণমূল, আম আদমি পার্টি (আপ), এনসিপি, আরজেডি, জেডি(ইউ) সিপিএম, সিপিআই, সিপিআই-এমএল লিবারেশন, শিবসেনা (ইউবিটি)-র মতো 'ইন্ডিয়া'র শরিকেরা হাজির ছিল বৈঠকে। ছিল লুরিনজ্যোতি গগৈয়ের অসম জাতীয় পরিষদ, অখিল গগৈয়ের রাইজর দল, জনজাতি সংগঠন 'অল পার্টি হিল লিডারস কনফারেন্স', জাতীয় দল অসম এবং ফরওয়ার্ড

এরপর ৩ পাতায়




ভবানী চাইল্ড ইনস্টিটিউট



ভর্তি চলছে

- ২০২৪শিক্ষাবর্ষের নার্সারি শ্রেণির পঠন-পাঠন ৬ই ডিসেম্বর বুধবার ২০২৩ থেকে শুরু হবে।
- আসন সংখ্যা সীমিত।অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময়- সকাল ৯টা থেকে বেলা ১টা।
যোগাযোগ-
9083249944 / 9083249933 / 9083249922

## পাঁচ রাজ্যের বিধানসভা ভোটে

# করুণ অবস্থা হবে বিজেপি'র?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার কি পরিষ্কার হয়ে যাবে দেশ কাকে চায়? বিজেপিকে? কংগ্রেসকে? নাকি অন্য কাউকে? ২০২৪ সালে লোকসভা ভোট। তার আগে পাঁচ রাজ্যের ভোটের ফল অতি তাতপর্যপূর্ণ হতে চলেছে। আর এরই মধ্যে একটি এগজিট পোলের তথ্য ঘোরাফেরা করছে। যা বলেছে, এই পাঁচ রাজ্যের মধ্যে অন্তত তিনটিতেই বিজেপিকে নাকি ধরাশায়ী করবে কংগ্রেস!সবই অনুমান। কিন্তু ভোটের ফলের ক্ষেত্রে জনমত বরাবরই খুব আনপ্রেডিক্টবেল এবং অপ্রত্যাশিত। ফলে, অপেক্ষা ছাড়া গতি নেই। রাত পাহালেই পরিষ্কার হয়ে যাবে, কোন রাজ্যে কোন দলের হাতে থাকছে ক্ষমতার রাশ।

গত ৭ নভেম্বর থেকে ৩০ নভেম্বরের মধ্যে বিধানসভা ভোট হয়েছিল মিজোরাম, ছত্তীসগড়, মধ্যপ্রদেশ, রাজস্থান ও তেলঙ্গানায়। ৭ নভেম্বর, প্রথমদিনেই ভোট হয়েছিল মিজোরামে। এরপর ছত্তীসগড়ে, মধ্যপ্রদেশে, রাজস্থানে ও তেলেঙ্গানায়। ৫ রাজ্যেই ভোটগণনা ও ফলাফল প্রকাশ হওয়ার কথা ছিল আগামীকাল ৩ ডিসেম্বর, রবিবার। তবে এই তালিকা থেকে বাদ পড়ছে শুধু মিজোরাম। ওই রাজ্যে ভোট গণনা হবে পরদিন সোমবার ৪ ডিসেম্বর।

গতকাল, শুক্রবার নির্বাচন কমিশন বিবৃতি দিয়ে জানিয়ে দিয়েছে, তাঁদের কাছে মিজোরামের বিভিন্ন পক্ষ থেকে গণনার দিন ৩ ডিসেম্বর, রবিবারের বদলে অন্য কোনও দিন করার অনুরোধ জানানো হয়েছিল। কারণ রবিবার মিজোরামবাসীর কাছে বিশেষ দিন। সেই অনুরোধ বিবেচনা করেই নির্বাচন কমিশন গণনার দিন-বদলের এই সিদ্ধান্ত নিয়েছে। সেই হিসেবে মিজোরামে বিধানসভা নির্বাচনের গণনার দিন ৩ ডিসেম্বর রবিবারের পরিবর্তে হবে ৪ ডিসেম্বর সোমবার।

বাকি ৪ রাজ্যে ভোট গণনা ৩ ডিসেম্বর, রবিবার। বাদ শুধু মিজোরাম! রবিবার ভোটগণনায় কেন আপত্তি মিজোরামের?

ওই রাজ্যের ভোটগণনার দিন বদলের আবেদনকারীদের দাবি, মিজোরামের প্রায় ৮৮ শতাংশ মানুষ খ্রিস্টান। রবিবার তাঁদের কাছে গির্জায় গিয়ে প্রার্থনার দিন। ফলে সেদিন ভোটগণনা হলে তাঁদের ওই রিচ্যুয়াল মানতে অসুবিধা হবে।

কোনও কোনও এগজিট পোলে বলা হয়েছে রাজস্থান আর মধ্যপ্রদেশে বিজেপির পাল্লাই ভারী। ছত্তীসগঢ় আর তেলঙ্গনায় আবার কিছুটা হলেও পাল্লা ভারী কংগ্রেসের। ছত্তীসগঢ়ে কংগ্রেসই ক্ষমতায় আছে। সেই ক্ষমতা তারা ধরে রাখবে বলেই মনে করা হচ্ছে। আর রাজস্থানে বিজেপির পাল্লা ভারী হলেও সেখানে কংগ্রেস কিন্তু বিনা যুদ্ধে বিজেপিকে নাহি দেবে সূচ্যগ্র মেদিনী। ফলে জোর টক্কর। আর মিজোরামে এমএনএফ-ই ক্ষমতায় আছে ও থাকবে।

## বাংলাদেশের বিজয়ের মাসে কলকাতা এবং শিলিগুড়ি ভিসা

# আবেদনকারীদের জন্য কমপ্লিমেন্টারি প্রিমিয়াম লাউঞ্জ/কুরিয়ার পরিষেবা




**Kolkata 2nd December 2023:** বাংলাদেশ বিজয় উৎসব মাস উংদযাপনে, বাংলাদেশ ভিসা আবেদন কেন্দ্র কলকাতা এবং শিলিগুড়িতে ভিসা আবেদনকারীদের জন্য একটি বিশেষ উদ্যোগ এর ঘোষণা করতে পেরে আনন্দিত। এই উদযাপনটি সেই সমস্ত আবেদনকারীদের জন্য প্রসারিত যারা ১লা ডিসেম্বর, ২০২২ থেকে ৩১শে ডিসেম্বর, ২০২২-এর মধ্যে তাদের ভিসা পেয়েছিলেন।

এই গৌরবময় উতসব উপলক্ষে, ভিসা আবেদন কেন্দ্র যোগ্য আবেদনকারীদের জন্য বিনামূল্যে প্রিমিয়াম লাউঞ্জ পরিষেবার একটি পরিসর অফার করতে পেরে আমরা খুবই উদ্দীপ্ত । এই অফারটির লক্ষ্য হল সামগ্রিক ভাবে আবেদনের অভিজ্ঞতা উন্নত করা এবং আবেদনকারীদের জন্য কেন্দ্র তাদের পরিদর্শনের সময় অতুলনীয় সুবিধা প্রদান করা।

কমপ্লিমেন্টারি প্রিমিয়াম লাউঞ্জ পরিষেবার মূল সুবিধাগুলি হল: একটি সহজ এবং আরও আরামদায়ক আবেদন প্রক্রিয়া নিশ্চিত করতে প্রিমিয়াম লাউঞ্জ পরিষেবাগুলিতে একচেটিয়া বৈশিষ্ট্য রয়েছে।এই উদযাপনটি বাংলাদেশ এবং ভিসা আবেদনকারীদের মধ্যে একটি ইতিবাচক সম্পর্ক তৈরিতে আবেদনকারীদের অবদান এবং প্রতিশ্রুতির প্রশংসার প্রতীক।

এই বিশেষ অফারের জন্য যোগ্য আবেদনকারীদের শুধুমাত্র তাদের পাসপোর্ট আনতে হবে, ২০০০ টাকা মূল্যের অন্যান্য সমস্ত পরিষেবা যেমন ফর্ম পূরণ, ছবি, ফটোকপি এবং নথির প্রিন্ট আউট এর পাশাপাশি পাসপোর্ট কুরিয়ার সার্ভিস সহ অন্যান্য সমস্ত পরিষেবা কমপ্লিমেন্টারি প্রদান করা হবে।

**উদযাপনের মূল বিবরণ-**

ইভেন্টের সময়কাল: ৩রা ডিসেম্বর, ২০২৩, থেকে ৩১শে ডিসেম্বর, ২০২৩

**সুবিধাভোগী:** আবেদনকারী যারা ১লা ডিসেম্বর, ২০২২ থেকে ৩১শে ডিসেম্বর, ২০২২ এর মধ্যে তাদের ভিসা পেয়েছিলেন।

৬৯৯ টাকা + জিএসটি পরিষেবা ফি প্রযোজ্য হবে।

শিলিগুড়ি থেকে আবেদনকারীরা ৮০০ টাকা পর্যন্ত মূল্যের বিনামূল্যে কুরিয়ার পরিষেবার সুবিধা পাবেন।

আরও তথ্য এবং আপডেটের জন্য অনুগ্রহ করে অফিসিয়াল ওয়েবসাইট দেখুন বা +৯১ ৭২৮৯০০০০৭১ ভিসা আবেদন কেন্দ্রের সাথে যোগাযোগ করুন।

বিস্তারিত জানতে আমাদের ওয়েবসাইট দেখুন: www.bdvisa.com

## নবদ্বীপ রামকৃষ্ণ মিশনের

# শীতকালীন ত্রাণ বিতরণ




**অভিজিৎ সাহা, নবদ্বীপ, নদিয়া : নিউজ সারাদিন :** প্রতিবছরের ন্যায় এ বছরও নবদ্বীপ রামকৃষ্ণ মিশন শাখার পক্ষ থেকে নবদ্বীপ শহর ব্লকের বিভিন্ন জায়গার দরিদ্র নর নারীদের মধ্যে কম্বল প্রদান করার কর্মসূচি চলছে। এই ডিসেম্বর মাস ব্যাপী তিন দিন বিভিন্ন জায়গায় ৫০০ কম্বল প্রদান করা হবে। ২রা ডিসেম্বর শনিবার এই কর্মসূচির শুরু হল আগামী ১৬ই ডিসেম্বর পর্যন্ত এই কর্মসূচি চলবে। শনিবার সকাল দশটায় পৌর অঞ্চলের ব্যাদরাপাড়া রেলগেট গহনানন্দ ভবন থেকে ৫০ জন অতি দুষ্ট নর-নারীর হাতে কম্বল প্রদান করা হয়। উপস্থিত ছিলেন শাখার সম্পাদক স্বামী অমরেশ্বরা নন্দজী মহারাজ, সভাপতি ডক্টর শিহরণ চক্রবর্তী, সহ-সভাপতি সব্যসাচী মন্ডল এবং অন্যান্য বিশিষ্ট জন। স্বামীজি বলেন ৩,১৬ ডিসেম্বর বলালদিঘি, শ্রী মায়াপুর, ফকিরতলা, স্বরুপগঞ্জ, ভালুকা,বাবলারি ও সংলগ্ন পূর্ব বর্ধমান এলাকায় এবং নবদ্বীপ শহরে তিনটি জায়গা থেকে আরও ৪৫০ জনকে কম্বল বিতরণ করা হবে। জানান যে নবদ্বীপ শহর না আশেপাশের বিভিন্ন দুর্গম এলাকায় দুঃস্থ মানুষের কাছেও সেবা পৌঁছে দেওয়াই আশ্রমের প্রধান লক্ষ্য।

## বিধানসভায় এসে তদন্ত, মাপজোক!

# বিজেপি বিধায়কদের বিরুদ্ধে অভিযোগে তৎপর পুলিশ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জাতীয় সঙ্গীত অবমাননার অভিযোগের তদন্ত। শনিবার তদন্তে বিধানসভায় কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ। এদিন আম্বেদকর মূর্তি থেকে গাড়ি বারান্দা অবধি তারা ভিডিওগ্রাফি করেন। বিধানসভার নকশা দেখে তারা দূরত্ব মেপে দেখেন। এছাড়া সিসি ক্যামেরার অবস্থান ও সেদিনের ফুটেজ তারা দেখেছেন।এই অভিযোগের প্রেক্ষিতে দুটি অভিযোগ দায়ের হয় থানায়। তারই তদন্ত করছে লালবাজার।ইতিমধ্যেই সোম ও মঙ্গলবার একাধিক বিজেপি বিধায়ককে ডেকে পাঠিয়েছে লালবাজার। তার প্রেক্ষিতেই এদিন তদন্তে বিধানসভায় আসেন গোয়েন্দা বিভাগের পুলিশ। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় জানিয়েছেন, তদন্ত তদন্তের মতোই চলবে।প্রসঙ্গত গত ২৮, ২৯ ও ৩০ নভেম্বর বিধানসভার আম্বেদকর মূর্তির নীচে কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে অবস্থানে বসেছিল তৃণমূল কংগ্রেস। ২৯ তারিখ তৃণমূলে যোগ দেন মমতা বন্দ্যোপাধ্যায়। একই দিনে আম্বেদকর মূর্তি থেকে কয়েক মিটার দূরত্বের মধ্যেই গাড়ি বারান্দার নীচে বসে বিক্ষোভ দেখায় বিজেপিও।

পরপর দু'দিন একই ঘটনা ঘটে। তৃণমূল পরিষদীয় দলের অভিযোগ, জাতীয় সঙ্গীত পরিবেশন করার সময় স্লোগান দেয় বিজেপি। যা জাতীয় সঙ্গীতের অবমাননা। বিষয়টি নিয়ে বিধানসভার অধ্যক্ষের দ্বারস্থ হয় তৃণমূল।

## লিবারটন অর্থোপেডিক হাসপাতাল কলকাতার

# সবচেয়ে শল্প্য মূল্যের অর্থোপেডিক কেয়ার উদ্বোধন



**কলকাতা ২ডিসেম্বর ২০২৩ : নিউজ সারাদিন :** বিখ্যাত অর্থোপেডিক সার্জন, ডাঃইন্দ্রনীল পাল, গর্বিতভাবে লিবারটন অর্থোপেডিক হাসপাতালের উদ্বোধন করে একটি শল্প্য মূল্যের এবং উন্নত অর্থোপেডিক স্বাস্থ্যসেবার একটি আলোকবর্তিকা।এই গুরুত্বপূর্ণ লিবারটন অর্থোপেডিক সেন্টার অবস্থিত,স্পেনসারের উপরে, আভিশার মল(অভিষিক্তা ক্রসিং-এর নিকটে)। অনুষ্ঠানে সম্মানিত অতিথিরা উপস্থিত ছিলেন ভারতীয় ফুটবল অ্যাসোসিয়েশনের সেক্রেটারি শ্রী অনির্বাণ দত্ত এবং প্রাক্তন ভারতীয় ফুটবল অধিনায়ক শ্রী মেহতাব হোসেন।

লিবারটন অর্থোপেডিক হাসপাতাল সবচেয়ে শল্প্য মূল্যের এবং অত্যাধুনিক পরিষেবা প্রদান করে অর্থোপেডিক স্বাস্থ্যসেবাকে পুনরায় সংজ্ঞায়িত করার প্রতিশ্রুতি দেয়।

লিবারটন অর্থোপেডিক হাসপাতাল শল্প্য মূল্যের, অত্যাধুনিক অর্থোপেডিক যত্ন প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। বিশিষ্ট অর্থোপেডিক সার্জন ডাঃ ইন্দ্রনীল পালের নেতৃত্বে হাসপাতালের লক্ষ্য হল ব্যাপক এবং সহানুভূতিশীল স্বাস্থ্যসেবা পরিষেবার মাধ্যমে রোগীদের জীবনযাত্রার মান উন্নত করা।

## মহুয়ার পাশে অধীর, এথিক্স কমিটির বিরুদ্ধে

# প্রশ্ন তুলে লোকসভার স্পিকারকে চিঠি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহুয়ার পাশে অধীর। সোমবার মহুয়া ইস্যুতে এথিক্স কমিটির রিপোর্ট। তার আগেই লোকসভার স্পিকারকে চিঠি অধীরের । তৃণমূল সাংসদের পদ খারিজের সুপারিশ পুনর্বিবেচনার আর্জি। স্পিকারকে আর্জি অধীর চৌধুরীর। এথিক্স কমিটির কার্যপ্রণালী নিয়ে প্রশ্ন তুলে চিঠি।অন্যদিকে, অধীরের-সওয়ালে ফের কটাক্ষ কৌস্তভের। তাঁর বক্তব্য, আজ মহুয়াকে সাধু, কাল অভিষেককে, পরশু মমতাকে। বাংলা কংগ্রেসে চোরদের প্রশংসা প্যাকটিস। তপন কন্দুর স্ত্রীকে দিয়ে শুরু করা যাক প্রক্রিয়া। পোস্ট দিয়ে সরব কংগ্রেস নেতা।নিয়ম অনুযায়ী এথিক্স কমিটি গোপনীয়তার সঙ্গে কাজ করে। তবে কীভাবে প্রকাশ্যে সব তথ্য।মহুয়া মৈত্রর সাংসদ পদ খারিজে এথিক্স কমিটির সুপারিশ নিয়ে আপত্তি। লোকসভা অধিবেশনের আগে ফের তৃণমূল সাংসদের পাশে দাঁড়িয়ে লোকসভার স্পিকারকে চিঠি লিখলেন কংগ্রেসের দলনেতা অধীররঞ্জন চৌধুরী। সুপারিশে বেশ কয়েকটি নিয়মের কথা উল্লেখ করে আপত্তি জানিয়েছেন বহরমপুরের সাংসদ। টাকার বিনিময়ে সংসদে প্রশ্ন বিতর্কে বেজায় ফাঁপড়ে পড়েছেন তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র। গত ৯ নভেম্বর মহুয়ার সাংসদ পদ খারিজে সিলমোহর দিয়েছে লোকসভার এথিক্স কমিটি। আগামী সোমবার তাঁরা সেই সুপারিশ করে লোকসভায় একটি রিপোর্ট জমা দেবে।মহুয়ার সাংসদপদ খারিজ সংক্রান্ত রিপোর্ট সোমবার লোকসভায় জমা দিতে পারে এথিক্স কমিটি। কিন্তু তার আগেই লোকসভার স্পিকার ওম বিড়লাকে চিঠি দিলেন লোকসভায় কংগ্রেসের দলনেতা অধীররঞ্জন চৌধুরী। চিঠিতে তিনি মহুয়া মৈত্রের প্রসঙ্গ তুলে ধরে সংসদীয় কমিটিগুলির নিয়ম ও পদ্ধতির পর্যালোচনা করার দাবি জানিয়েছেন। শনিবার লেখা চিঠিতে অধীর যুক্তি দিয়েছেন, মহুয়ার বিরুদ্ধে অভিযোগের তদন্তের আগে মূলত সাংসদদের আচরণবিধি সংক্রান্ত কয়েকটি অভিযোগের তদন্ত করেছে লোকসভার এথিক্স কমিটি। সেই সমস্ত ক্ষেত্রে অভিযুক্ত সাংসদদের শাস্তিও ভতর্সনা, সতর্ক করা অথবা খুব বেশি হলে সাময়িক সাসপেনশনের মধ্যে সীমাবদ্ধ ছিল।এথিক্স কমিটি কেন দুবাই ভিত্তিক ব্যবসায়ীকে ডাকল না?' 'দামি উপহার গ্রহণকে ঘুষ সংক্রান্ত আর্থিক লেনদেন হিসেবে বিচার করা কঠিন' নিয়ম অনুযায়ী এথিক্স কমিটি গোপনীয়তার সঙ্গে কাজ করে'। 'কিন্তু এক্ষেত্রে শুনানি চলাকালীন এথিক্স কমিটির চেয়ারম্যান ও অভিযোগকারী সাংসদ প্রকাশ্যে মন্তব্য করেছেন'। 'মহুয়ার বিরুদ্ধে তদন্ত প্রক্রিয়ায় ধূসর দিক রয়েছে'। । ২০০৫ সালে যে আইনে ১০ সাংসদকে বহিষ্কার করা হয়েছিল। মহুয়া মৈত্রর ক্ষেত্রে কি সেই অভিযোগ প্রযোজ্য। চিঠিতে প্রশ্ন তুলেছেন অধীর।

## চোখ দেখাতে হায়দরাবাদে গেলেন অভিষেক,

# সংক্রমণের জেরে রক্ত জমে যাচ্ছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চোখের চিকিৎসার জন্য এবার হায়দরাবাদে উড়ে গেলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সূত্রের খবর, তৃণমূলের ডায়মন্ড হারবারের সাংসদের চোখে সংক্রমণ ছড়িয়ে পড়েছে। রক্ত জমাট বেঁধে যাওয়ার দেখতে সমস্যা হচ্ছে তো বটেই, সঙ্গে ব্যথা-যন্ত্রণাও রয়েছে।এর আগে চোখের চিকিৎসায় একাধিকবার আমেরিকায় গেছেন অভিষেক। সেখানকার জন হপকিন্স হাসপাতালে অস্ত্রোপচার করা হয়েছিল তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের চোখে। কিন্তু তারপরেও সমস্যা মেটেনি। বরং নিয়মিত চেকআপ করাতে হচ্ছে তাঁকে। একটানা দীর্ঘক্ষণ কনট্যাক্ট লেন্স পরে থাকার জন্যই নতুন করে তাঁর চোখে সংক্রমণ ছড়িয়েছে বলে জানা গেছে। তার চিকিৎসা করাতে এবার যদিও বিদেশ নয়, হায়দরাবাদে গেলেন ঘাসফুল সাংসদ।তার চিকিতসা করাতেই শনিবার সকাল সকাল বিমান ধরে হায়দরাবাদে গেছেন অভিষেক।

চোখের সমস্যায় দীর্ঘদিন ধরেই ভুগছেন অভিষেক। ২০১৬ সালে একটি দলীয় কর্মসূচি থেকে ফেরার সময় দুর্গাপুর এক্সপ্রেসওয়েতে দুর্ঘটনার কবলে পড়েছিল তাঁর কনভয়। তাতেই বাঁ-চোখে মারাত্মক চোট পান পান তিনি। তারপর থেকে টানা চিকিৎসা চলছে, কিন্তু স্থায়ী স্বস্তি মিলছে না।

চোখের সমস্যার কারণেই দিন কয়েক আগে নেতাজি ইনডোর স্টেডিয়ামে তৃণমূলের দলীয় কর্মসূচিতে গরহাজির ছিলেন অভিষেক। রাজনৈতিক মহলের একাংশ অবশ্য এই ঘটনায় প্রাচীন বনাম নব্য তৃণমূলের দ্বন্দ্বের তত্ত্ব খাড়া করেছিলেন, তবে তাতে সিলমোহর পড়েনি।

১-ম পাতার পর

# মুখ্যমন্ত্রী মমতার সঙ্গে বৈঠক, আবার না যাওয়ারই সিদ্ধান্ত নিতে পারেন শুভেন্দু

বলে আসছেন, '২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর যে ভাবে শাসকদলের দ্বারা বিজেপির নিচুতলার কর্মীরা আক্রান্ত হয়েছেন, তাতে নবান্নের কোনও বৈঠকে বিজেপির যোগদান করা উচিত নয়।' চলতি অধিবেশনে বিধানসভায় মুখ্যমন্ত্রীকে দেখে বিজেপি বিধায়কদের স্লোগান দেওয়ার ঘটনাও এই বৈঠকে প্রভাব ফেলবে বলে মনে করা হচ্ছে। তাই শুভেন্দুর সঙ্গে মুখ্যমন্ত্রীর বৈঠক যে আদৌ হবে না তা ধরেই নিচ্ছে প্রশাসনের একাংশ।চিঠিতে উল্লেখ করা হয়েছে, রাজ্যের মানবাধিকার কমিশনের সদস্য নিয়োগের জন্য এই বৈঠক হচ্ছে। তার পরেই বাংলার রাজনৈতিক মহলে প্রশ্ন উঠতে শুরু করেছে, নন্দীগ্রামের বিধায়ক কি আদৌ মুখ্যমন্ত্রীর সঙ্গে এই ধরনের কোনও বৈঠকে বসবেন? একই প্রশ্ন উঠছে প্রশাসনিক মহলেও। কারণ গত আড়াই বছরে মুখ্যমন্ত্রীর সঙ্গে মুখোমুখি কোনও বৈঠকে বসেননি শুভেন্দু। যত বার এই ধরনের কোনও বৈঠকে তাঁকে আমন্ত্রণ জানানো হয়েছে, তখনই সেই বৈঠক এড়িয়েছেন বিরোধী দলনেতা। তাই মনে করা হচ্ছে এ বারের বৈঠকেও একই পন্থা অবলম্বন করবেন তিনি। বৈঠকে যোগদানের প্রশ্নে শুভেন্দু অবশ্য এখনই নিজের অবস্থান প্রকাশ্যে জানাতে চান না। বৈঠকে যোগদান করবেন কি না? এমন প্রশ্নের জবাবে বিরোধী দলনেতা বলেন, 'আমি আমার সিদ্ধান্ত ঠিক সময় জানাব।' তাঁর এমন মন্তব্যের পরেই মনে করা হচ্ছে নিজের পুরনো অবস্থানে অনড় থেকে বৈঠকে গরহাজির থাকবেন তিনি। গত বছর মানবাধিকার কমিশনার এবং কমিশনের সদস্য নিয়োগ নিয়ে বৈঠক ডাকা হয়েছিল বিধানসভায় স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের ঘরে। সেই সময় আবার বিধানসভা থেকে সাসপেন্ড হয়েছিলেন বিরোধী দলনেতা। তাই বিধানসভার অন্দরে প্রবেশে তাঁর নিষেধাজ্ঞা জারি হয়েছিল। তাই বৈঠকে আমন্ত্রণ পাওয়ার পর, স্পিকারকে চিঠি দিয়ে শুভেন্দু জানতে চান কোন পথ দিয়ে তিনি বৈঠকে যোগদান করতে যাবেন? স্পিকার তাঁকে বিধানসভার অন্দরে প্রবেশ করার অনুমতি দিলেও, শেষ মুহূর্তে বৈঠকে যোগদান করেননি বিরোধী দলনেতা। বরং টুইট (অধুনা এক্স হ্যান্ডেল) করে রাজ্য সরকারের নিয়োগ প্রক্রিয়া নিয়েই প্রশ্ন তুলে দিয়েছিলেন তিনি। সঙ্গে অভিযোগের সুরে জানিয়েছিলেন, একতরফা ভাবে রাজ্য সরকার নাম প্রস্তাব করে তা পাশ করিয়ে নিতে চাইছে। তাই পূর্বনির্ধারিত নাম নিয়ে আনুষ্ঠানিক বৈঠকে তিনি যোগদান করবেন না। তাই মনে করা হচ্ছে, এ ক্ষেত্রেও ১৪ ডিসেম্বর নবান্নে না যাওয়ার সিদ্ধান্ত নিজের এক্স হ্যান্ডলেই ঘোষণা করবেন শুভেন্দু।

১-ম পাতার পর

# তৃণমূল-সহ ১৫ বিরোধী দল, দু'দিনের বৈঠক অসমে

ব্লক।

অসম-সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলে বিজেপি নেতৃত্বাধীন জোট 'নর্থ-ইস্ট ডেমোক্র্যাটিক অ্যালায়েন্স' (নেডা)-র মোকাবিলায় কংগ্রেস, তৃণমূল-সহ বিরোধী দলগুলির এই ততপরতা লোকসভা ভোটে 'নির্ণায়ক' হতে পারে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকদের একাংশ। মেঘালয়ের প্রাক্তন মুখ্যমন্ত্রী মুকুল সাংমা, অসম প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি রিপুন বরা, সর্বভারতীয় মহিলা কংগ্রেসের প্রাক্তন সভানেত্রী সুস্মিতা দেব এখন উত্তর-পূর্বাঞ্চলের তৃণমূল নেতা। প্রসঙ্গত, মণিপুরের সাম্প্রতিক গোষ্ঠীহিংসার জেরে উত্তর-পূর্বাঞ্চলে নেডার শরিক বেশ কয়েকটি দল বিজেপির সঙ্গে দূরত্ব বাড়িয়েছে। মিজ়োরামের মুখ্যমন্ত্রী তথা বিজেপির সহযোগী এমএনএফের প্রধান জোরামথাঙ্গা সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে এক মঞ্চে হাজির হতেও অসম্মত হয়েছিলেন বলে বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত খবরে বলা হয়েছে।

১-ম পাতার পর

# সর্বদল বৈঠকে কেন্দ্রকে কোণঠাসা করতে ৬টি ইস্যুকে হাতিয়ার করল শাসকদল

কোনওরকম তাড়াহুড়ো ঠিক নয়। তিন, ১০০ দিনের কাজ থেকে স্বাস্থ্য পরিষেবায় বরাদ্দ, রাজ্যের বকেয়া নিয়ে সংসদে আলোচনা চায় তৃণমূল।

তৃণমূলের চতুর্থ দাবি, সরকার যেন এই অধিবেশন শুধু নিজেদের পিঠ চাপড়ানোর কাজে না ব্যবহার করে। মূল্যবৃদ্ধি-বেকারত্বের মতো ইস্যুতে আলোচনার সুযোগ দেওয়া হয়। পঞ্চম দাবি, সংসদের কোনও কমিটির রিপোর্ট পেশের আগে যেন ফাঁস না হয়। মহুয়ার ক্ষেত্রে যেভাবে এথিক্স কমিটির রিপোর্ট ফাঁস করে দেওয়া হয়েছে, তার তীব্র নিন্দা করেছে তৃণমূল। সবশেষে তৃণমূল জানিয়েছে, তাঁরা সংসদে আলোচনা চায়। সরকার যেন কোনও অজুহাতে পিঠ বাঁচাতে অধিবেশন ভণ্ডুল না করে দেয়।







# মালদ্বীপের প্রেসিডেন্টের সঙ্গে আলোচনা ও মতবিনিময় ভারতের প্রধানমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারত ও মালদ্বীপের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আজ দুবাইয়ে এক আলোচনা বৈঠক অনুষ্ঠিত হয় ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মালদ্বীপের প্রেসিডেন্ট ড. মহম্মদ মৈজুর মধ্যে। সিওপি ২৮ শীর্ষ সম্মেলন উপলক্ষে দুই নেতাই আজ উপস্থিত ছিলেন দুবাইয়ে। মালদ্বীপের প্রেসিডেন্ট পদে কার্যভার গ্রহণ করার জন্য ডঃ মৈজুকে অভিনন্দন জানান শ্রী নরেন্দ্র মোদী।আলোচনা বৈঠকে ভারত ও মালদ্বীপের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আলোচনা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়। উন্নয়ন সম্পর্কিত সহযোগিতা, অর্থনৈতিক সম্পর্কের প্রসার ও উন্নয়ন, দুদেশের নাগরিকদের মধ্যে নিবিড় সংযোগ গড়ে তোলা, জলবায়ু পরিবর্তনের যৌথ মোকাবিলা এবং ক্রীড়া ক্ষেত্রে সহযোগিতা ও সফর বিনিময়ের ওপর জোর দেন দুই নেতাই। শুধু তাই নয়, দুদেশের মধ্যে অংশীদারিত্বের সম্পর্ককে কিভাবে আরও গভীরে নিয়ে যাওয়া যায় সে সম্পর্কেও আলোচনা করেন তাঁরা। এই প্রেক্ষিতে একটি কোর গ্রুপ গঠন করার ওপরও মতৈক্য হয় দুই নেতার মধ্যে।

# সুনামগঞ্জ ও ময়মনসিংহের জেলা প্রশাসকদের সরিয়ে দিল নির্বাচন কমিশন

**ঢাকা: নিউজ সারাদিন :** থানার ওসি এবং উপজেলা নির্বাহী আধিকারিকদের পরে এবার নির্বাচন কমিশনের কোপে সুনামগঞ্জ ও ময়মনসিংহের জেলা প্রশাসক (ডিসি)। শাসকদল আওয়ামী লীগের প্রিয়পাত্র হিসেবে পরিচিত ময়মনসিংহের জেলা প্রশাসক মোহাম্মদ মোস্তাফিজার রহমানকে পাঠানো হয়েছে স্বাস্থ্য সেবা বিভাগে। আর সুনামগঞ্জের জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরীকে বদলি করে ময়মনসিংহের জেলা প্রশাসক পদে পাঠানো হয়েছে।নির্বাচন কমিশনের এক আধিকারিক জানিয়েছেন, 'সুষ্ঠ এবং স্বচ্ছভাবে নির্বাচনের জন্য কঠোর পদক্ষেপ নেওয়া হবে। প্রথমে প্রশাসনের নিচের তলায় বদলি প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। এবার উঁচুতলায় বদলির প্রক্রিয়া শুরু হল। আগামী কয়েকদিনে আরও একাধিক আধিকারিককে বদলি করা হবে।' উল্লেখ্য, গত ৩০ নভেম্বর মনোনয়নপত্র জমা নেওয়ার প্রক্রিয়া শেষ হয়েছে। বর্তমানে মনোনয়ন ঝাড়াই-বাছাইয়ের কাজ চলছে। প্রথম দু'দিনে একাধিক প্রার্থীর মনোনয়ন স্থগিত রাখা হয়েছে।

শনিবার জনপ্রশাসন মন্ত্রকের তরফে এ বিষয়ে বিশেষ বিজ্ঞপ্তিও জারি করা হয়েছে।

গত ১৪ বছর ধরে দেশের শাসন ক্ষমতায় থাকার দৌলতে গোটা প্রশাসনকেই আওয়ামী লীগকে তাঁবেদার বানিয়ে ফেলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পুলিশ ও প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে বসানো হয়েছে গোপালগঞ্জের বাসিন্দাদের (যারা পরিচিত গোপালী বলে)। আগামী ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে যাতে প্রশ্ন না ওঠে তার জন্য এক ধাক্কায় গতকাল শুক্রবার দেশের সব থানার ওসি ও উপজেলা নির্বাহী আধিকারিকদের বদলির নির্দেশ দিয়েছিল নির্বাচন কমিশন। আর ওই নির্দেশের ফলেই শাসকদলের অন্দরে জোর আলোচনা শুরু হয়েছে।

# বন্ধুদের সঙ্গে দেখা করা সবসময়ই আনন্দের, জর্জিয়ার মেলোডি সেলফির উত্তর মোদির

**নয়াদিল্লি, ২ ডিসেম্বর: নিউজ সারাদিন :** ফের শিরোনামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি । শুক্রবার দুবাইয়ে ২৮তম কনফারেন্স অফ দ্য পার্টিস বা কোপ২৮-তে এই দুই রাষ্ট্রনেতা অংশগ্রহণ করেন । যে সম্মেলনের মাঝে দু'জনে সেলফিও তোলেন । সেই সেলফি সোশাল মিডিয়ায় পোস্ট করে জর্জিয়া মেলোনি লেখেন, "কোপ২৮-এ ভালো বন্ধুরা ।" শনিবার মেলোনির পোস্টের উত্তর দিয়েছেন প্রধানমন্ত্রী মোদিও । তিনি ওই পোস্টটি রিপোস্ট করে লিখেছেন, "বন্ধুদের সঙ্গে দেখা করা সবসময়ই আনন্দের বিষয় ।"অন্যদিকে কোপ২৮ সম্মেলনের মাঝে সংযুক্ত আরব আমিরশাহীর প্রেসিডেন্ট শেখ মহম্মদ বিন জায়েদ আল নাহুয়ান, সুইডেনের প্রধানমন্ত্রী উলফ ক্রিস্টেরশন, তুরস্কের প্রেসিডেন্ট রেসেপ তায়িপ এরদোগান, বার্বাডোজের প্রধানমন্ত্রী মিয়া আমো মোট্টেলে, ফরাসি প্রেসিডেন্ট এমানুয়েল মাঁকড়, ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনক ও রাষ্ট্রসংঘের মহাসচিব অ্যান্টেনিও গুতেরেসের সঙ্গেও দেখা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ।

এবার কোপ২৮ শীর্ষ সম্মেলন বসেছে সংযুক্ত আরব আমিরশাহীতে । নভেম্বরের ২৮ তারিখ থেকে শুরু হয়ে ওই সম্মেলন চলবে আগামী ১২ ডিসেম্বর পর্যন্ত । ওই সম্মেলনে মোদি জানিয়েছেন যে জলবায়ুর পরিবর্তনের প্রভাব পড়ছে গ্লোবাল সাউথে । সেই কারণে ওই অঞ্চলে জলবায়ু অর্থায়ন ও প্রযুক্তির ব্যবহার জরুরি । এই নিয়ে তৃতীয়বার জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কোনও সম্মেলনে অংশ নিলেন মোদি । এর আগে ২০১৫ সালে প্যারিসে ও ২০২১ সালে গ্লাসগো-তে ওয়ার্ল্ড ক্লাইমেট অ্যাকশন সামিটে তিনি অংশ নিয়েছিলেন ।ইতালির প্রধানমন্ত্রী যে পোস্টটি সোশাল মিডিয়ায় করেছিলেন, সেই পোস্টের সঙ্গে তিনি একটি হ্যাশট্যাগও ব্যবহার করেন ।

সেই হ্যাশট্যাগ তিনি নিজের (মেলোনি) ও মোদির নামের সঙ্গে মিলিয়ে রেখেছিলেন 'মেলোডি' । যা ইতিমধ্যে সোশাল মিডিয়ায় ভাইরাল হয়ে গিয়েছে । ওই হ্যাশট্যাগ ব্যবহার করে একাধিক পোস্টও সোশাল মিডিয়ায় দেখা যাচ্ছে। যার বিষয়বস্তু জর্জিয়া মেলোনি ও নরেন্দ্র মোদির বন্ধুত্ব ।যদিও শুক্রবার দুবাইয়ে কোপ২৮-এর মাঝে এশিয়া ও ইউরোপের এই দু'টি গুরুত্বপূর্ণ দেশের দুই রাষ্ট্রনেতা শুধু সেলফিই তোলেননি । তাঁরা ভারত ও ইতালির দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বৈঠকও করেন । সেখানে প্রধানমন্ত্রী মোদি ভারত ও ইতালির সম্পর্কের মজুবত ভবিষ্যত নিয়ে আশা প্রকাশ করেন । এই নিয়ে সোশাল মিডিয়ায় করা পোস্টও প্রধানমন্ত্রী ।

তবে এই প্রথম নয়, চলতি বছরে একাধিকবার এই দুই রাষ্ট্রনেতার মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক হয়েছে । চলতি বছরের মার্চে ভারত সফরে এসেছিলেন ইতালির প্রধানমন্ত্রী । তার পর সেপ্টেম্বরে জি২০ সম্মেলনের সময়ও নয়াদিল্লিতে আসেন জর্জিয়া মেলোনি । সেই সম্মেলনের মাঝেও মোদি ও মেলোনির মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক হয় ।

# রবিবার চার রাজ্যের নির্বাচনে ইন্ডিয়া জোট জিতবে: ফিরহাদ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রবিবার ৪ রাজ্যের ফলাফলে সব রাজ্যে ইন্ডিয়া জোট জিতবে। আর কেন্দ্রীয় শাসক দল পরাজিত হবে বলে জানান মেয়র ফিরহাদ হাকিম। শনিবার কলকাতা পৌরসভায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে মেয়র বলেন,পৌর কমিশনার একটা বিজ্ঞপ্তি জারি করছে। এবার থেকে সমস্ত বিজ্ঞাপনে কিউ আর কোড থাকবে

।আর এখানে ডিবেট না করে অসভ্যতা করছে বলে শাস্তি হয়েছে। আদানি নিয়ে ভালো কথা বললে ভালো হয়। মহুয়া মৈত্রর বিরুদ্ধে সিবিআই তদন্ত হয়েছে কিছুই হবে না। তাহলে তো প্রশ্ন কোনো দিন বিরোধীরা করতে পারবে না। তাহলে তো গনতন্ত্রকে ভেঙে দেওয়া উচিত। সংসদ থাকার কোনো কারণ নেই। আমরা আলোচনা করতে চাই। আমরা কারোর সঙ্গে লড়াই করতে চাই না। আমরা তথ্য নিয়ে আলোচনা করতে চাই। কিন্তু কেউ যদি মাস্তানি করবে। লড়াই করবে। তাতে একটা কর্মদিবস নষ্ট হল। এখানে নীতি রীতি ভঙ্গ হয়েছে বলে ব্যাবস্থা গ্রহণ করা হয়েছে।সবার উপরে আমাদের দেশ। দল আছে দল থাকবে না। জাতীয় সঙ্গীত থাকবে। ভারতবর্ষের থাকবে। সেটা অবমাননা করা মানে সে দেশদ্রোহী হয়ে যাবে। যারা অবমাননা করে তাদের বিরুদ্ধে শাস্তি হবে।তাতে বেআইনি হোর্ডিং রোধ করা যাবে। বিজ্ঞাপন নীতি তৈরি করা হচ্ছে। গরীব মানুষের জন্য সরকার বাংলার বাড়ি তৈরি করছে। এই বাড়ি গুলি কেউ বিক্রি করতে পারবে না। এটা বেআইনি হবে। যারা কিনবে তাদের টাকা জলে যাবে। বাংলার বাড়ি কেনা বা বেচা দুটোই দণ্ডনীয় অপরাধ। এটা ১৫ বছরের জন্য লিজে দেওয়া হয়। যারা কিনবেন বা বেচবেন তারা নিজের দায়িত্বে করবেন।কলকাতা পৌরসংস্থা সহ রাজ্যের সমস্ত পৌর সংস্থাতে এই নির্দেশিকা জারি করা হচ্ছে। এটা শুনা যাচ্ছে। আমার কাছে এই ধরনের অভিযোগ আসছে। জমি বেশিভাগ ঠিকা সম্পত্তি বা অনেক জায়গায় ব্যক্তিগত সম্পত্তি । কিন্তু তারা সরকার কে দিয়ে দিয়েছে। নোনাডাঙ্গা যারা এটা করছে তাদের বিরুদ্ধে অভিযোগ উঠছে বলে জানান কলকাতা পৌরসভার মেয়র।৭৪ নম্বর ওয়ার্ডের ঘটনা প্রসঙ্গে স্বাস্থ্য কেন্দ্র নিয়ে অভিযোগ উঠেছে। সেটা নিয়ে মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের তদন্ত করে দেখতে বলা হয়েছে।পূর্ব কলকাতা পৌর সংস্থার অধীনে নেই। আমাদের কাছে অভিযোগ আসলেই আমরা ব্যাবস্থা গ্রহন করছি। দাবি মেয়র ফিরহাদ হাকিমের।কিছু কিছু পঞ্চায়েত অনুমোদন দিয়ে দিচ্ছে বলে অভিযোগ পৌর মন্ত্রী ফিরহাদ হাকিমের।অনেক জায়গায় বেআইনি পার্কিং হচ্ছে। সেটা নিয়ে আমরা পুলিশকে বলছি। পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। টালিনালাকে সুরক্ষিত থাকার জন্য নেট দিয়ে দেওয়া হচ্ছে।কলকাতা পৌরসংস্থা সহ রাজ্যের সমস্ত পৌর সংস্থাতে এই নির্দেশিকা জারি করা হচ্ছে। এটা শুনা যাচ্ছে। আমার কাছে এই ধরনের অভিযোগ আসছে। জমি বেশিভাগ ঠিকা সম্পত্তি বা অনেক জায়গায় ব্যক্তিগত সম্পত্তি । কিন্তু তারা সরকার কে দিয়ে দিয়েছে। নোনাডাঙ্গা যারা এটা করছে তাদের বিরুদ্ধে অভিযোগ উঠছে বলে জানান কলকাতা পৌরসভার মেয়র।৭৪ নম্বর ওয়ার্ডের ঘটনা প্রসঙ্গে স্বাস্থ্য কেন্দ্র নিয়ে অভিযোগ উঠেছে। সেটা নিয়ে মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের তদন্ত করে দেখতে বলা হয়েছে।পূর্ব কলকাতা পৌর সংস্থার অধীনে নেই। আমাদের কাছে অভিযোগ আসলেই আমরা ব্যাবস্থা গ্রহন করছি। দাবি মেয়র ফিরহাদ হাকিমের।কিছু কিছু পঞ্চায়েত অনুমোদন দিয়ে দিচ্ছে বলে অভিযোগ পৌর মন্ত্রী ফিরহাদ হাকিমের।অনেক জায়গায় বেআইনি পার্কিং হচ্ছে। সেটা নিয়ে আমরা পুলিশকে বলছি। পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। টালিনালাকে সুরক্ষিত থাকার জন্য নেট দিয়ে দেওয়া হচ্ছে।

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

২ বর্ষ ৩২৭ সংখ্যা ০৩ ডিসেম্বর, ২০২৩ রবিবার ১৬ অগ্রহায়ণ, ১৪৩০

## সম্পাদকীয়

# পঞ্চায়েতের উন্নয়ন নিয়ে রাজ্যকে নয়া নির্দেশ কেন্দ্রের

কেন্দ্রের কাছে রাজ্যের প্রাপ্য ১ লক্ষ কোটিরও বেশি টাকা। আটকে রয়েছে ১০০ দিনের কাজের প্রকল্পের বরাদ্দ। প্রাপ্য মিটিয়ে দেওয়ার জন্য লাগাতার আবেদন ও আন্দোলন চললেও কর্ণপাত করছে না নরেন্দ্র মোদির সরকার।নবান্ন সূত্রে জানা গিয়েছে, চলতি সপ্তাহেই নবান্নে কেন্দ্রের এই নির্দেশিকা নিয়ে একটি বৈঠক হয়েছে। সেই বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী। কেন্দ্রের নির্দেশিকা মেনে ঠিক কী কী তথ্য দেওয়া হবে আর কী কী দেওয়া হবে না - তা ঠিক করতে তৈরি করা হয়েছে একটি স্টিয়ারিং কমিটি। সেখানে রাজ্যের মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদীকে চেয়ারম্যান করা হয়েছে। কমিটির মেম্বার সেক্রেটারি হয়েছেন পঞ্চায়েত দফতরের সচিব। অন্যান্য ১২টি দফতরের সচিবরা কমিটির সদস্য হয়েছেন। যদিও এই বিষয়ে রাজ্যের পঞ্চায়েতমন্ত্রী প্রদীপ মজুমদার জানিয়েছেন, 'ওরা প্রাপ্য টাকা না দেওয়ায় রাজ্যকে নিজের খরচে বিকল্প কাজ করাতে হয়েছে। তাহলে পথশ্রী সহ অন্যান্য উন্নয়নের তথ্য ওদের আমরা কেন দেব? তবে আগামী দিনে কেন্দ্র যদি রাজ্যের বকেয়া মিটিয়ে গ্রামোন্নয়নের কাজে সত্যিই সহযোগিতা করে, তাহলে তথ্য তুলে দেওয়ার কথা ভাবনাচিন্তা করা হবে।'উল্টে নানা কৌশলে রাজ্যের কাজকর্মের ওপর নজরদারি চালানোর ফিকির খুঁজছে তারা। এবার তাঁদের নিশানায় গ্রামোন্নয়নের সঙ্গে জড়িত রাজ্যের ১০টি দফতর। কেন্দ্রীয় বরাদ্দ না মিললেও রাজ্যের গ্রামগুলিতে কী কী উন্নয়নমূলক কাজ হয়েছে, তার বিস্তারিত তথ্য কেন্দ্রকে জানাতে হবে বলে নির্দেশ এসেছে। বা 'স্থিতিশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা' যাকে অনেকেই এস ডি জি বলে জানেন, সেই বিষয়টিকে সামনে রেখে Panchayat Development Index তৈরির নির্দেশ দেওয়া হয়েছে রাজ্যকে।নবান্ন সূত্রে জানা গিয়েছে, যে ১০টি দফতরকে কেন্দ্র নিশানা বানিয়েছে সেগুলি হল পঞ্চায়েত, স্বাস্থ্য, কৃষি, সমাজকল্যাণ, জনস্বাস্থ্য ও কারিগরি, স্কুলশিক্ষা, ভূমিসংস্কার, প্রাণিসম্পদ উন্নয়ন, মতস্য এবং বন দফতর। এই সব দফতরের কাজের খতিয়ান তুলে দিতে হবে কেন্দ্রের হাতে। ২০২৩-এর ৩১ মার্চ পর্যন্ত কাজের খতিয়ান কেন্দ্রের সংশ্লিষ্ট পোর্টালে তুলে দিতে হবে। তবে এই কাজের ক্ষেত্রে রাজ্য সরকারের তরফে কিছুটা সাবধানী পদক্ষেপ করা হচ্ছে বলেই নবান্ন সূত্রে খবর। গতবার গ্রামোন্নয়নের বার্ষিক পরিকল্পনা তৈরির সময় বিশেষ কয়েকটি ক্ষেত্রে নজর দেওয়ার কথা বলেছিল কেন্দ্র। মহিলা ও শিশুবান্ধব এবং দারিদ্র্যমুক্ত গ্রাম তৈরি সহ মোট ৯টি বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে বলা হয়। এবার নিয়মে বদল এনে পঞ্চায়েতের ৩টি স্তরকেই কাজে লাগিয়ে আগামী অর্থবর্ষের জন্য পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা তৈরির নির্দেশ দেওয়া হয়েছে।

## দৈনিক কাগজের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার

# খুন হতে পারে আশঙ্কা প্রকাশ পরিবারের


(ষষ্ঠ পর্ব)



বিষয়ে ক্যানিং থানার আইসি সৌগত বাবুর সাথে সম্পাদক জানালে বলেন এ যেমন জনগণ যেন তেমন তার পুলিশ, তবে কে ছিল ওই পুলিশ কনস্টেবল তা খোঁজ নিয়ে দেখছি বলে ক্যানিং থানার আইসি সৌগত বাবু জানিয়েছিলেন। প্রশ্ন হচ্ছে তাহলে এইভাবে কি রণকৌশল করে সম্পাদককে হেনস্থা ও অত্যাচার চালিয়ে কোন কিছু দুর্ঘটনার সম্মুখীন ফেলতে চাইছে। না লোকাল সাংবাদিক ও একশ্রেণীর রাজনৈতিক নেতারা পুলিশের দাঁড়ায় মৃত্যুঞ্জয়ের উপরে অত্যাচারের খাড়া নামাতে চাইছে। সবকিছুই সঠিক ভাবে দেখা উচিত উচ্চতর পুলিশ প্রশাসনকে। এ ঘটনায় প্রায় নিন্দার ঝড় উঠেছে বিভিন্ন মহলে। তাহলে কি সত্যি কথা লেখার জন্য, দীর্ঘ কুড়ি বছর রাজনৈতিক কৌশলে মেরে দেওয়ার পরিকল্পনা অব্যাহত রয়েছে দৈনিক কাগজের সম্পাদক মৃত্যুঞ্জয় সরদারের বিরুদ্ধে। কেননা তিনি দুর্নীতির সঙ্গে আপোস করে না। দুষ্কৃতীদের অন্যায় করলে সে কথা সবার আগে তার কলমের ভাষাতেই প্রকাশ পায়। তাই তার পরিবারের উপরে দীর্ঘ কুড়ি বছর মানসিক শারীরিক ও সামাজিক বিষয়ে অত্যাচার অব্যাহত। শত অত্যাচার অপমান অবিচার সহ্য করেও

**ক্রমশঃ**

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

জগন্নাথঅঙ্গে বিলীন হওয়ার সংবাদটি ছড়িয়ে দেওয়ার পিছনে কূটকৌশলী কোনও চক্রের চতুর পরিকল্পনার অস্তিত্ব কি অসম্ভব? জগন্নাথের 'সচল বিগ্রহ' কে জগন্নাথ আত্মসাৎ করেছেন, 'সচল বিগ্রহ' বাদী ভক্তরা একথা অস্বীকার করতে পারবেন না এবং জগন্নাথঅঙ্গে বিলীন হওয়ার পর মায়া শরীরের খোঁজখবর করা নিতান্ত অশাস্ত্রীয় ও অধার্মিক ব্যাপার হবে, সম্ভবত এই ছিল চতুর চক্রের চিন্তাধারা। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



মৃত্যুঞ্জয় সরদার

(দ্বিতীয় পর্ব)



নদীর মাঝে বিস্তীর্ণ বদ্বীপ তৈরি হয়েছে, আর সেই বদ্বীপ কে ঘিরে বাংলাদেশ-ভারতের মধ্যে সুন্দরবন অবস্থিত। সুন্দরবন বেশির ভাগ জল আর এক ভাগ স্থল নিয়েই সুন্দরবন।

আজ যেখানে সুন্দরবন, অনেকের মতে, একসময় সেখানে বন ছিল না। ছিল জনবসতি। সুন্দরবনের মাটি খুঁড়ে শান বাঁধানো পুকুরঘাট ও বাড়ির ধ্বংসাবশেষ অবিষ্কৃত হয়েছে। যা থেকে প্রমাণ হয়, ওই অঞ্চলে এক সময় জনবসতি ছিল। মেজর জেমস রেনল, যিনি প্রথম জরিপ করে বেঙ্গল প্রেসিডেন্সির মানচিত্র আঁকেন (১৭৬৪-৭৬ খ্রি:), তিনি বলেছেন, তিনি বয়স্ক লোকদের মুখে শুনেছেন, একসময় সুন্দরবন ছিল না। মগ ও পর্তুগিজ জলদস্যুদের অত্যাচারে ওই অঞ্চল থেকে মানুষ অন্যত্র চলে যায়। গড়ে ওঠে বনভূমি। সুন্দরবনের বয়স খুব বেশি নয়। ১৯৬৪-৬৫ সালে ভারতের প্রত্নতত্ত্ব বিভাগ পশ্চিমবঙ্গের দক্ষিণ চব্বিশপরগনা জেলার সুন্দরবন অঞ্চলের মাটি খুঁড়ে দু'টি সুন্দর কষ্টিপাথরের মূর্তি পেয়েছে। এই মূর্তি দু'টি কলকাতার বিখ্যাত ভারতীয় জাদুঘরে সংরক্ষিত আছে। ভারতের প্রত্নতত্ত্ব বিভাগের অভিমত হলো, এখন পশ্চিমবঙ্গের যেখানে গড়ে উঠেছে সুন্দরবন, একসময় সেখানে ছিল সমৃদ্ধ জনপদ। এই সুন্দরবনআঠারো ভাটির দেশ। সুন্দরবনে রাজ করে দানব দেবতা দক্ষিণরায়, তাঁর রাজত্বে পেটের টানে ঢুকে পড়া ভাটির মানুষদের বাঘ হয়ে খেয়ে ফেলে সে। বনবিবি আর তাঁর মুগুরধারী ভাই জঙ্গলি শাহ, সেখানে এসে যুদ্ধে হারায় দক্ষিণরায়কে। চুক্তিও হয়, বাদাবনের যে অংশে মানুষের বাস, তা থাকবে বনবিবির আঁচলের তলায়। আর গভীর দক্ষিণের জল-মাটি দক্ষিণ রায়ের থাবায়। সেই থেকে বাদাবন আর খাঁড়ি-জঙ্গলের মানুষের মা বনবিবি। রুটি-রুজির বড় বালাই, মানুষকে গ্রাম ছেড়ে বেরোতেই হবে, সেঁধোতেই হবে দক্ষিণ রায়ের ডেরায়। বনবিবি রাখলে, মারে কোন বাঘে? এ সুন্দরবনের জীবন্ত ইতিহাস, সুন্দরবনের ঝড়খালির দুই নম্বরে ফকির সরদার নামে এক বৃদ্ধ থাকতেন, তিনি বিদায় দিয়ে বাঘের মুখ বন্ধ করে দিতে পারতেন।যতবার মৎস্যজীবীরা বাঘের কবলে পড়ে জীবন দিয়েছে।তার ডেট বডি আনার সময় ফকির সরদার নিজে বাঘের সামনে দিয়ে ডেড বডি এনে দিয়েছেন, এ ইতিহাস জীবন্ত সত্য।আজও এই ঘটনার সাক্ষী রয়েছে সুন্দর বন বাসিরা।সেই কারনে সারা সুন্দরবনের রক্ষয়িত্রী দেবী। সুন্দরবনের মানুষ বিশ্বাস করেন, তিনি কখনও বাঘের আবার কখনও মুরগির রূপ ধারণ করেন। বাঘ ও বিভিন্ন অপদেবতার উপরে কর্তৃত্ব করেন বনবিবি। তিনি সুন্দরবনের বাউয়ালি (কাঠুরে) আর মৌলে (মধু সংগ্রহকারী), শিউলি ( খেজুর রস সংগ্রহকারী) ও মৎস্যজীবীদের রক্ষাকত্রী। হিন্দুই হোক বা মুসলমান, সুন্দরবনে প্রবেশ করার সঙ্গে সঙ্গে তাঁরা নিজেদের সুরক্ষার দায়িত্ব তুলে দেন বনবিবির হাতে।সুন্দরবনের বাঘের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য, মৎস্যজীবীরা ফকির সরদারের কাজ দিয়ে রক্ষাকবজ নিয়ে সুন্দরবন নদীতে মাছ ধরতে যেতো। এ স্মৃতিরা ১০ বছর আগে দেখেছেন সুন্দরবন বাসিরা, আজ আর ফকির সর্দার জীবিত নেই তাই স্মৃতিটা আস্তে আস্তে লুপ্ত হতে চলেছে! সুন্দরবন বাসিরা নিজের জীবিকার জন্য, সুন্দরবন এ কার্ডমধু ও মাছ সংগ্রহ করতে যেতে হয়।তাই সুন্দরবনে গভীর জঙ্গলে কাঠ, গোলপাতা, মধু ও মোম সংগ্রহ বা মাছ ধরতে যাওয়ার আগে বনবিবির পূজা করে জলে নৌকা ভাসান। কারও উপরে কোনও আক্রোশ নেই এই পরমাসুন্দরী এবং ভক্তবৎসলা দেবীর। বাঘ ও বিভিন্ন অপদেবতার উপরে কর্তৃত্ব করেন বনবিবি। তিনি হিন্দুর বনদুর্গা বা বনদেবীর মুসলমানি রূপ। তাই সুন্দরবনের গভীর জঙ্গলে কাঠ, গোলপাতা, মধু ও মোম সংগ্রহ বা মাছ ধরতে যাওয়ার আগে বনবিবির পূজা করে জলে নৌকা ভাসান। সুন্দরবনের ভেতরে আর বনসংলগ্ন লোকালয়ে প্রতিবছর পয়লা মাঘ ওবনবিবির পূজা হয়। জাতিধর্ম নির্বিশেষে বনবিবি পূজিতা হন।সুন্দরবনের বনদেবতা বনবিবির কথা বলতে গেলে যে কথাটি না লিখলেও এই লেখাটি অসম্পূর্ণ হয়ে যাবে।সুন্দরবনে প্রথম জরীপ কার্য করেন শ্রী এল টি হজেস সাহেব, ১৮২৯ সালে। আর সেই কবে ১৮৭৮ সালে ব্রিটিশ সরকার সুন্দরবনকে সংরক্ষিত বন হিসাবে ঘোষণা করেন, যখন বন সংরক্ষণ নিয়ে ভারতবর্ষের অসংখ্য রাজা উজিরদের আদৌ কোন ধারণা ছিল কিনা সন্দেহ। ১৮৭৯ সালে সমগ্র সুন্দরবন কে বাঙলা বনবিভাগের আওতায় আনা হয়। সুন্দরবনের প্রথম বন্যপ্রাণ আধিকারিক হচ্ছেন এম ইউ গ্রীন সাহেব।১৮৮৪ সালে এই পদে তিনি অধিষ্ঠিত হন।বর্তমানে ভারতীয় সুন্দরবন হচ্ছে ১০২ টি দ্বীপের সমষ্টি। এরমধ্যে ৫৪ টি দ্বীপে মনুষ্য বসতি আছে।১৭৩৭ সালের বিধ্বংসী প্রাকৃতিক বিপর্যয়ে, সুন্দরবন মনুষ্যহীন পরিত্যক্ত স্থান হয়ে যায়। আবার মানুষের আবাদ ধীরে ধীরে গড়ে ওঠে ১৭৭০ থেকে ১৯৩৬ এর মধ্যে। এটাই সুন্দরবনের শেষ আবাদ। অবশ্য ১৯৭৯ সালে দণ্ডকারণ্য থেকে অসংখ্য বাঙালি উদ্বাস্তু এসে সুন্দরবন সংলগ্ন মরিচঝাঁপি নামক একটি দ্বীপে বসতি স্থাপন করার চেষ্টা করেছিলেন। এঁদের মধ্যে অনেকেই ছিলেন, যাঁদের উদ্বাস্তু হবার আগে বাড়ি ছিল নিকটবর্তী বাংলাদেশের খুলনা জেলায়। তারপর কি হয়েছিল সেই দুঃখজনক ঘটনার স্মৃতি হয়ত অনেকের জানা আছে।আজ এসব সুন্দরবনের ইতিহাস, এই মরিচঝাঁপি এখনও মানুষের তেমনভাবে বসত গড়ে ওঠেনি। মরিচ ঝাঁপির ইতিহাসে রক্তে ছাপ আজও মুছে যায়নি ইতিহাসের পাতা থেকে।এই মরিচঝাঁপি থেকে রক্ষা পেয়েছিলেন এক বৃদ্ধা, তিনি আজ এই পৃথিবীতে নেই। তিনি আমঝাড়া হাটখোলাতে বসবাস করতেন অঞ্জলি সরকার।বনবিবি দেবীর রক্ষা করেছিলেন তার পরিবারকে, একথা তার মুখ থেকে প্রকাশ পেয়েছিল নেওয়া সাক্ষাৎকারে বহু বছর আগেকার কথা। হেদিয়ার দুখিরাম সরদারকে স্বয়ং মা বনবিবি তাকে রক্ষা করেছিলেন । এসব ইতিহাস সত্য, আজও মানুষের মুখে প্রকাশ পায়। সেই কারনে আদিম কাল থেকে শুধু নয় আজও দেব চেতনার পেছনে মানুষের, ভয়, বিস্ময় ও ভক্তি কাজ করেছে। আদিম মানুষ পাশের জগৎ জীবন ও তার বিস্ময়কর প্রকাশকে দেখে

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## তামান্না-বিজয় কেন বিয়ে করছেন!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় জুটি এখন বিজয় ভার্মা ও তামান্না ভাটিয়া। কয়েক বছর ধরেই দুজনের প্রেমের গুঞ্জন শোনা যাচ্ছে। মুম্বাই শহরের ক্যাফে, সিনেমার প্রচারণার কাজে এমনকি হাসিমুখে হাতে হাত রেখে লাল গালিচায় হাঁটাতেও দেখা যায় তাদের। কিন্তু আলোচিত জুটির প্রেমের বিষয়ে অকপটতা দেখা গেলেও বিয়ের বিষয়ে তেমন কোনো কিছু শোনা যায়নি বলিউড পাড়ায়। এ বিষয়ে প্রশ্ন করা হলে সরাসরি না বলে অন্যভাবে উত্তর দেন বিজয়।

বিয়ে নিয়ে প্রশ্ন করলে বিজয় বলেন, ভক্তরা চায় না আমি বিয়ে করি। মা আমাকে এমনই প্রশ্ন করেই চলছে কবে আমি বিয়ে করব। মাকেও ঠিকঠাক উত্তর দিতে পারছি না, অন্য কাউকে কি আর উত্তর দেব।

বিজয় বলেন, আমি কোনো অভিনেত্রীর সঙ্গে প্রেম করব এই কথা কখনও ভাবিনি। কিন্তু তামান্নাকে দেখার পর ওর সঙ্গে মেলামেশা শুরু করি। তামান্নার পাশে থাকার গুরুত্বটা বুঝতে পারি। এমন কাউকে পাশে পাওয়া, যে জগতটাকে বোঝে তা সম্পর্কের দিক থেকে হোক বা আর্থিক দিক থেকে তাকে নিজের পাশে পাওয়াটা সত্যিই ভাগ্যের।

ভক্তদের দাবি, বিজয় ও তামান্না দুজনেই নাকি মানসিকভাবে গাঁটছড়া বাঁধার জন্য প্রস্তুত। তবে কেন তারা বিয়ে করছেন না, তা কেউ জানে না।

## শাকিবের নায়িকা বিয়ে করছেন 'মন্টু পাইলট'কে



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** পরমব্রত চট্টোপাধ্যায় এবং পিয়া চক্রবর্তীর বিয়ের আনন্দের রেশ থাকতেই খবরে এলো টলিউডের আরেকটি বিয়ের। এবার বিয়ে করতে যাচ্ছেন সৌরভ দাস এবং দর্শনা বণিক। আগামী ১৫ ডিসেম্বর বিয়ের পিঁড়িতে বসতে চলেছেন তারা।

বেশ কিছুদিন ধরেই এ জুটির প্রেমের গুঞ্জন ছড়িয়েছিল টলিউডের আনাচে কানাচে। তখন তারা পরস্পরকে 'ভাল বন্ধু'র আখ্যা দেন। অবশেষে সেই বন্ধুত্বই এবার পরিণতি পাচ্ছে। যার আয়োজন চলছিল গত ছ'সাত মাস ধরে।


জানা গেছে, বিয়ের দিন বাঙালি সাজেই দেখা যাবে হবু বর-কনেকে। দর্শনার বিয়ের লাল বেনারসি কেনা হয়ে গিয়েছে। অন্যদিকে পর্দার 'মণ্টু পাইলট' সৌরভ সাজবেন ধুতি পাঞ্জাবীতে।

কলকাতার পাশাপাশি দর্শনা বণিক বাংলাদেশেও বেশ পরিচিত। বেশ কয়েকবারই এখানে এসেছেন। কাজ করেছেন ঢাকাই সিনেমাতেও। অপারেশন সুন্দরবন সিনেমায় দেখা গেছে তাকে।

এছাড়াও শাকিব খানের বিপরীতে 'অন্তরাত্মা' সিনেমায় অভিনয় করেছেন তিনি, যা রয়েছে মুক্তির অপেক্ষায়।


## কেন রানির মা-বাবাকে নিজের ঘরে আটকে রেখেছিলেন যশ চোপড়া?





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** নব্বইয়ের দশকের শেষের দিকে বলিউড অভিনেত্রী হিসেবে উত্থান তার। 'রাজা কি আয়েগি বারাত' ছবির মাধ্যমে বলিউডে পা রাখলেও 'কুছ কুছ হোতা হ্যায়' ছবির সৌজন্যে দর্শক ও অনুরাগীদের মনে নিজের জায়গা তৈরি করেন রানি মুখার্জি। করন জোহরের 'কুছ কুছ হোতা হ্যায়'-এর সাফল্যের পরে 'হ্যালো ব্রাদার', 'বিচ্ছু', 'কাহিঁ প্যার না হো যায়ে'-র মতো ছবিতে অভিনয় করেছেন রানি। করনের 'কাভি খুশি কাভি গাম' ছবিতেও বিশেষ একটি চরিত্রে দেখা গিয়েছিল তাকে।

শোনা যায়, অভিনয় দক্ষতার কারণে একাধিক ছবির প্রস্তাব পেলেও নিজের জন্য মানানসই চরিত্র না পাওয়ায় একুশ শতকের প্রথম দিকে বেশ মুষড়ে পড়েছিলেন রানি। এমনকি, একের পর এক ছবির প্রস্তাব ফিরিয়েও দিচ্ছিলেন অভিনেত্রী। সেই সময় নাকি তার উপর আরও চটে গিয়েছিলেন বলিউডের কিংবদন্তি পরিচালক ও প্রযোজক যশ চোপড়া।



সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমের পাতায় ছড়িয়ে পড়া একটি ভিডিওকে রানি জানান, একবার নাকি জেদের বশে তার মা-বাবাকেও ঘরে আটকে রেখেছিলেন যশ চোপড়া। 'মুঝসে দোস্তি কারোগি' ছবির পরে প্রায় আট মাস নাকি একটিও ছবির প্রস্তাবেও সায় দেননি রানি। রানি বলেন, "আমার মা তো ভেবেছিলেন, আমি পাগল হয়ে গিয়েছি। যেসব ছবির প্রস্তাব আসছে, আমি সবই না বলে দিচ্ছি। বেকার বাড়িতে বসে আছি। আমি তখন নিজেই সিদ্ধান্ত নেওয়া শুরু করে দিয়েছিলাম।"

সেই সময় নাকি তার কাছে 'সাথিয়া' ছবিটির প্রস্তাব আসে। দক্ষিণী পরিচালক মণি রত্নমের একটি ছবির হিন্দি সংস্করণ 'সাথিয়া'। সেই ছবির প্রস্তাবও ফেরানোর সিদ্ধান্ত নিয়ে ফেলেছিলেন রানি। অভিনেত্রীর মা-বাবা যশ চোপড়ার কাছে গিয়েছিলেন রানির সিদ্ধান্ত জানাতে। তখনই নাকি রানিকে ফোন করে যশ চোপড়া জানান, 'সাথিয়া' ছবির জন্য রাজ না হওয়া পর্যন্ত তিনি তার মা-বাবাকে নিজের ঘরেই আটকে রাখবেন।

শেষ পর্যন্ত যশ চোপড়ার জেদের কাছে মাথা নুইয়েছিলেন রানি। 'সাথিয়া' ছবিতে বিবেক ওবেরয়ের সঙ্গে জুটি বাঁধেন তিনি। ওই ছবি রানির অভিনয় জীবনের অন্যতম সেরা ও সফল কাজের তকমা পেয়েছে। সেই কারণে আজ পর্যন্ত যশ চোপড়ার কাছে কৃতজ্ঞ রানি। ২০১২ সালে প্রয়াত হন বলিউডের নামজাদা পরিচালক ও প্রযোজক যশ চোপড়া। ২০১৪ সালে যশ-পুত্র আদিত্য চোপড়ার সঙ্গে গাঁটছড়া বাঁধেন রানি।

## ফেরদৌসের হয়ে প্রয়োজনে ঢাকায় নির্বাচনী প্রচারে নামবেন ঋতুপর্ণা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঢাকা-১০ আসনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন চিত্রনায়ক ফেরদৌস আহমেদ। পশ্চিমবঙ্গেও তার যাতায়াত আছে সমানতালে। নির্বাচন প্রসঙ্গে কলকাতার আন্দবাজার পত্রিকাকে একটি সাক্ষাৎকার দিয়েছেন ফেরদৌস। আর সেই আলাপেই তিনি জানিয়েছেন, তার বন্ধু ঋতুপর্ণা সেনগুপ্ত প্রয়োজনে ঢাকায় এসে তার নির্বাচনী প্রচারে অংশ নেওয়ার কথাও নাকি দিয়েছে।

ফেরদৌস বলেছেন, 'ঋতুপর্ণা আমার খুব ভাল বন্ধু। ও তো বলেছে প্রয়োজনে ঢাকায় এসে আমার জন্য ভোটের প্রচারও করবে। (হাসতে হাসতে) কিন্তু তার পর আমি ওকে আমি কলকাতায় যে কাণ্ড ঘটিয়েছিলাম, সেটা মনে করিয়ে দিলাম!'

ফেরদৌস জানিয়েছেন অনেক টলিউড তারকাই তাকে শুভেচ্ছা বার্তা পাঠিয়েছেন। ২০১৯ সালে ভারত-বাংলাদেশ সীমান্তের রায়গঞ্জ এলাকায় টলিউড তারকা অঙ্কুশ হাজরা ও পায়েল সরকারের সাথে রাজনৈতিক প্রচারণায় অংশ নিতে বিপাকে পড়েন ফেরদৌস। এই কাজের জেরে অভিনেতাকে কালো তালিকাভুক্ত করে ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়। অবশ্য দুই বছর পর তার নিষেধাজ্ঞা উঠে যায়।

এ বিষয়ে ফেরদৌস বলেন, 'কলকাতাকে সব সময়ই দেশের বাইরে আমার দেশ হিসেবে দেখেছি। সেখান থেকে প্রায় দু'বছর আমি দূরে ছিলাম। একাধিক সিনেমার প্রস্তাব ফিরিয়ে দিতে হয়েছিল। ওই একটা ভুলের জন্য আমাকে প্রচুর ভুগতে হয়েছে। আমি এখনো ওই ঘটনার জন্য দুঃখপ্রকাশ করি। কারণ আমি তখন নিয়মকানুন জানতাম না। কলকাতায় দীর্ঘদিন কাজের ফলে আমি দুই বাংলারই কাছের মানুষ। যারা আমাকে নিয়ে গিয়েছিলেন, তারাও হয়তো আবেগের বশবর্তী হয়ে বিষয়টা খেয়াল করেননি।'

প্রসঙ্গত, ২০০১ সালে 'ওস্তাদ' সিনেমায় প্রথমবার জুটি বেঁধে অভিনয় করেন ঋতুপর্ণা ও ফেরদৌস। এরপর এই দুই তারকার বন্ধুত্ব সময়ের সঙ্গে সঙ্গে আরও মজবুত হয়েছে।

## পেনাল্টি ফিরিয়ে
# প্রশংসায় ভাসছেন রোনালদো




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এশিয়ান চ্যাম্পিয়ন্স লিগে সোমবার ইরানের ক্লাব পার্সেপলিসের মুখোমুখি হয়েছিল আল নাসর। ম্যাচটি গোলশূন্য ড্র হয়েছে, তবে ম্যাচটিতে পেনাল্টি পেয়েও ফিরিয়ে দিয়ে সবাইকে অবাক করে দিয়েছেন আল নাসরের পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো।

পার্সেপোলিসের বিপক্ষে ম্যাচের দ্বিতীয় মিনিটে প্রতিপক্ষের ডি বক্সে এক ডিফেন্ডারের সঙ্গে ধাক্কা লেগে পড়ে যান রোনালদো। আল নাসরকে পেনাল্টি দিয়েছিলেন রেফারি। কিন্তু বেঁকে বসেন রোনালদো। হাতের ইশারায় ফাউল বিবেচনা করতে নিষেধ করেন। এরপর চীনা রেফারি মা নিং মনিটরে দেখে সিদ্ধান্ত বদল করেন।

ম্যাচের পর সামাজিক যোগাযোগ মাধ্যম ইনস্টাগ্রামে একটি পোস্ট করেছেন রোনালদো। যেখানে শীর্ষে থেকে পরের রাউন্ডে ওঠায় নিজের সন্তুষ্টির কথা জানিয়েছেন তিনি, 'গ্রুপের শীর্ষ দল হিসেবে কোয়ালিফাই করতে পেরে ও টানা ২০ ম্যাচে অপরাজিত থাকতে পেরে খুশি। দারুণ টিমওয়ার্ক।'

শেষ পর্যন্ত এই ম্যাচ গোলশূন্য ড্র হওয়ায় 'ই' গ্রুপের শীর্ষে থাকা নিশ্চিত হয়েছে আল-নাসরের। ৫ ম্যাচ খেলে তাদের পয়েন্ট ১৩। গ্রুপের বাকি তিন দল পার্সেপোলিস, আল-দুহাইল, ইসতিকললের পয়েন্ট যথাক্রমে ৮, ৪ ও ২। তারা সবাই ৪টি করে ম্যাচ খেলেছে।

# পাকিস্তান থেকে সরে যাবে চ্যাম্পিয়ন্স ট্রফি?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সম্প্রতি ভারতে সমাপ্ত হয়েছে পঞ্চাশ ওভারের বিশ্বকাপ। এবার ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফি আয়োজন করবে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। আট বছর পর ফিরে আসা আসর দিয়ে নিজ দেশে আন্তর্জাতিক টুর্নামেন্ট আয়োজনের স্বপ্ন দেখছে পাকিস্তান। কিন্তু পাকিস্তান সফরে ভারত দল পাঠাতে আগ্রহী না হওয়ায় ওই আসর পাকিস্তান থেকে সরে যেতে পারে। কিংবা হাইব্রিড পদ্ধতিতে মাঠে গড়াতে পারে আসরটি। যেখানে ভারত তাদের ম্যাচ খেলবে নিরপেক্ষ ভেন্যুতে। যদিও পিসিবি ওমন কোন প্রস্তাবে এখনই সাড়া দিচ্ছে না। চ্যাম্পিয়ন্স ট্রফির ভাগ্য নির্ধারণ নিয়ে এরই মধ্যে পিসিবির চেয়ারম্যান জাকা আশরাফ ও বোর্ডের প্রধান নির্বাহী সালমান নাসের আইসিসির এক্সিকিউটিভ কমিটির সঙ্গে বৈঠক করেছেন বলে দাবি করেছে সংবাদ মাধ্যম। ওই বৈঠকের পরে আইসিসির কাছে এক চিঠিতে চ্যাম্পিয়ন্স ট্রফি নিরপেক্ষ ভেন্যুতে বা হাইব্রিড পদ্ধতিতে আয়োজন করতে হলে তার জন্য ক্ষতিপূরণ দাবি করেছে পিসিবি। সূত্র জানিয়েছে, পিসিবির কর্মকর্তারা বিসিসিআই-এর কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন। সেখানে ভারতের বোর্ড কর্মকর্তারা পাকিস্তানে দল পাঠানোর প্রস্তাব প্রত্যাখান করেছেন। বিষয়টি নিয়ে পিসিবির পক্ষ থেকে আইসিসিকে জানানো হয়েছে, যেন কোন পরিস্থিতিতে একতরফা সিদ্ধান্ত না নেওয়া হয়। এছাড়া কোন কারণে চ্যাম্পিয়ন্স ট্রফির আসর নিরপেক্ষ ভেন্যুতে সরিয়ে নেওয়া হলে আইসিসির কাছে ক্ষতিপূরণ দাবি কর চিঠি দিয়েছে পিসিবি, 'নিরপত্তা নিয়ে কোন উদ্বেগ ছাড়াই শীর্ষ পর্যায়ের ক্রিকেটীয় দেশ পাকিস্তান সফর করেছে। সুতরাং কোন কারণে যদি টুর্নামেন্ট অন্য কোন দেশে সরিয়ে নিতে বলা হয় সেক্ষেত্রে আইসিসিকে প্রাপ্য আর্থিক ক্ষতিপূরণ দিতে হবে।'

চলতি বছরের এশিয়া কাপের আয়োজক ছিল পাকিস্তান। কিন্তু পাকিস্তানে দল পাঠাতে অস্বীকৃতি জানায় ভারত। যে কারণে আসরটি হাইব্রিড মডেলে পাকিস্তান ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হয়েছে। ভারত ছাড়া আসরে অংশ নেওয়া প্রতিটি দল পাকিস্তানে ম্যাচ খেলেছে। ওই আসরের কারণে বিশ্বকাপ খেলতে ভারতে দল পাঠানো নিয়ে পাকিস্তান গড়িমসি করেছে। শেষ পর্যন্ত ২০২৫ চ্যাম্পিয়ন্স ট্রফি খেলতে ভারত পাকিস্তানে আসবে এই শর্তে ভারতে বিশ্বকাপ খেলতে দল পাঠায় দেশটির ক্রীড়া মন্ত্রণালয়।

## টি-টোয়েন্টি বিশ্বকাপে
# জায়গা করে নিলো নামিবিয়া




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপে আফ্রিকা অঞ্চলের বাছাইপর্বের ম্যাচে তানজানিয়াকে ৫৮ রানে হারিয়েছে নামিবিয়ানরা। এই জয়ে ১০ পয়েন্ট হলো তাদের। আর তাতে শীর্ষ দুইয়ে থেকে বিশ্বকাপে জায়গা পাকা করে ফেললো তারা।

নামিবিয়া জায়গা নিশ্চিত করে ফেলায় আফ্রিকা অঞ্চল থেকে বাছাইয়ের জন্য বাকি রইলো আর মাত্র একটি দল। যেজন্য লড়ছে উগান্ডা, কেনিয়া, নাইজেরিয়া ও জিম্বাবুয়ে। তবে জিম্বাবুয়ে ও নাইজেরিয়াকে শুধু নিজেদের ম্যাচে জিতলেই হবে না, তাকিয়ে থাকতে হবে বাকিদের ফলাফলের দিকেও।

এ নিয়ে টানা তৃতীয়বারের মতো সংক্ষিপ্ত পরিসরের ক্রিকেট বিশ্বকাপে জায়গা করে নিল নামিবিয়া। ২০২১ বিশ্বকাপের গ্রুপ পর্বে দ্বিতীয় স্থানে থেকে সুপার ১২-এ উঠেছিল তারা। তবে ২০২২ আসরে তাদের গ্রুপ পর্ব থেকেই বিদায় নিতে হয়।

বিশ্বকাপের টিকিট কাটার পথে জিম্বাবুয়ে, উগান্ডা, রুয়ান্ডা, কেনিয়া ও তানজানিয়াকে হারিয়েছে নামিবিয়া। সর্বশেষ ম্যাচটিতে তারা পেয়েছে দাপুটে জয়। গতকাল তাদের শীর্ষ চার ব্যাটার পেয়েছেন রানের দেখা। তবে ২৪ বলে ৪০ রান করে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন স্মিট। আর শেষদিকে জেন গ্রিন ও নিকোল লফটি-ইটনের ক্যামিও ইনিংসে ভর করে ১৫৭ রানের সংগ্রহ দাঁড় করায় নামিবিয়া। ১৫৮ রানের লক্ষ্যও তানজানিয়ার কাছে অনেক দূরের পথ হয়ে দাঁড়ায় নামিবিয়ানদের দুর্দান্ত বোলিংয়ের কারণে। কোনো তানজানিয়ান ব্যাটার বলের সঙ্গে পাল্লা দিয়ে রান তুলতে পারেননি। ফলে পুরো ২০ ওভার খেলেও ৬ উইকেটে ৯৯ রান তুলতে পারে তারা।

## এমবাপের বিতর্কিত গোলে
# স্বপ্ন বাঁচিয়ে রাখলো পিএসজি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিতর্কিত পেনাল্টিতে গোল করে দলের স্বপ্ন বাঁচিয়ে রাখলেন কিলিয়ান এমবাপে। নিউক্যাসল ইউনাইটেডের বিপক্ষে এই ম্যাচে হারলে হয়তো গ্রুপপর্ব থেকেই বাদ পড়ে যেতে হতো প্যারিস সেইন্ট জার্মেইকে (পিএসজি)। তবে চ্যাম্পিয়নস ট্রফির নকআউট পর্বে খেলার আশা বাঁচিয়ে রেখেছে ফ্রান্সের ক্লাবটি। নিউক্যাসল ইউনাইটেডের বিপক্ষে ১-১ গোলে ড্র করেছে কিলিয়ান এমবাপের দল পিএসজি।

২৮ নভেম্বর ঘরের মাঠে খেলতে নেমে ম্যাচের ২৪তম মিনিটে গোল হজম করে পিএসজি। নিউক্যাসলের পক্ষে গোলটি করেন সুইডেনের ফরোয়ার্ড আলেকজান্ডার ইসাক। সেই গোলটি শোধ করতে এমবাপের আশ্রয় নিতে হয়েছে বিতর্কিত পেনাল্টির।

ঘটনাটি ঘটে ম্যাচের অতিরিক্ত সময়ে (৯০-৫) মিনিটে। নিউক্যাসলের ডিফেন্ডার টিনা লিভরামেন্টোর বুকে বল লাগার সঙ্গে সঙ্গে পিএসজি খেলোয়াড়রা হ্যান্ডবলের জোর আবেদন জানান রেফারির কাছে। পরে ভিআরে দেখে রেফারি পেনাল্টির সিদ্ধান্ত দেন। ফলে অতিরিক্ত সময়ের শেষ মিনিটে (৯০+৮) পেনাল্টি শটে দলকে সমতায় ফেরান ফরাসি তারকা এমবাপে।

তবে এখনো বাদ পড়ায় শঙ্কায় আছে পিএসজি। যদিও তাদের নকআউটে খেলার সম্ভাবনা অবশ্যই অনেক ভালো। পিএসজি ৫ ম্যাচে সাত পয়েন্ট পেয়েছে।

গ্রুপপর্বে নিজেদের ফাইনাল ম্যাচে পিএসজি মুখোমুখি হবে জার্মান ক্লাব বরুসিয়া ডর্টমুন্ডের, যারা ইতিমধ্যে ১০ পয়েন্ট প্রায় নকআউট পর্ব নিশ্চিত করে ফেলেছে। ওই অ্যাওয়ে ম্যাচে জয় পেলেই শেষ ষোলোতে নিজেদের জায়গা নিশ্চিত করতে পারবে পিএসজি।

## স্কালোনিকে পেতে
# আলোচনা শুরু রিয়ালের



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আর্জেন্টিনার দায়িত্ব নিয়ে রূপকথার মতন করে বিশ্বকাপ জিতিয়েছেন কোচ লিওনেল স্কালোনি। কিন্তু বোর্ডের সঙ্গে দ্বন্দ্বে নিজের ঘর আর্জেন্টিনাকে বিদায় বলতে চান তিনি। এরপর থেকে স্প্যানিশ ক্লাব রিয়াল মাদ্রিদে তার যোগ দেওয়া নেওয়া নিয়ে গুঞ্জন ভাসা শুরু হয়। রেকর্ড ১৪ বারের ইউরোপসেরা রিয়াল মাদ্রিদ তাদের ডাগআউটে পেতে চায় আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এই কোচকে।

আর্জেন্টিনার সংবাদমাধ্যম মুন্ডো আলবিসেলেস্তে জানিয়েছে, স্কালোনির কার্যক্রম কড়া নজরে রাখছে রিয়াল মাদ্রিদ। তার প্রতি ক্লাবটি বেশ আগ্রহী। এমনকি রিয়াল মাদ্রিদের পক্ষ থেকে নাকি আর্জেন্টাইন কোচের কাছে প্রাথমিক চুক্তির একটি নমুনাও পাঠিয়ে দেওয়া হয়েছে। স্কালোনির জার্মান এজেন্সি সেটা এরইমাঝে গ্রহণ করেছে। এর আগে আর্জেন্টিনার সংবাদমাধ্যমে বলা হয়েছিল, এএফএ প্রেসিডেন্ট ক্লদিও তাপিয়ার সঙ্গে নানা কারণে সম্পর্কের অবনতি হয়েছে স্কালোনির। তাই তিনি কোচের চেয়ারে আর থাকতে চাচ্ছেন না।

বর্তমানে রিয়াল মাদ্রিদের কোচ হিসেবে আছেন কার্লো আনচেলত্তি। রিয়ালের দায়িত্ব ছাড়ার পর ব্রাজিলের কোচ হওয়ার কথা তার। তাই তার জায়গায় ভালো মানের একজন কোচ খুঁজছে লস ব্লাঙ্কোসরা।

স্কালোনি ২০১৮ বিশ্বকাপের পর আর্জেন্টিনার দায়িত্ব নেন। রাশিয়া বিশ্বকাপে আর্জেন্টিনার কোচ ছিলেন হোর্হে সাম্পাওলি। আকাশি-সাদা দলের দায়িত্ব নিয়ে মেসিকে জাতীয় দলে ফেরাতে হয়েছে তার। প্রথমত তিনি অন্তবর্তীকালীন কোচের দায়িত্ব পেয়েছিলেন। সেখান থেকে কিংবদন্তিদের কাতারে নিয়ে গেছেন নিজেকে। তার কোচিংয়ে একে একে কোপা আমেরিকা, লা ফিনালিসিমা ও বিশ্বকাপ জিতেছে আলবেলিস্তেরা।

# আর্জেন্টিনাকে হারিয়ে ফাইনালে জার্মানি




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** আগুস্টিন ফ্যাবিয়ান রুবেরতো। নয় নম্বর জার্সিটা উচিয়ে নামটা তিনি মনে রাখতে বলতেই পারেন। আর্জেন্টিনা অনূর্ধ্ব-১৭ দলে যেমন নতুন মেসি খ্যাত ক্লদিও ইচেভেরি আছেন। তেমনি সার্জিও আগুয়েরো-হিগুয়েইনদের উত্তরসূরী হিসেবে রুবেরতো নিজের নামটা বলতেই পারেন। কারণ অনূর্ধ্ব-১৭ ফিফা বিশ্বকাপের সেমিফাইনালে জার্মানির মতো দলের বিপক্ষে হ্যাটট্রিক করেছেন এই তরুণ। তার হ্যাটট্রিকসূচক গোলে দুর্দান্ত কামব্যাক করে আকাশি-সাদার অনূর্ধ্ব-১৭ দল। কিন্তু এমি মার্টিনেজ হতে পারেননি ছোটদের গোলরক্ষক ফ্রাঙ্কো আদ্রিয়েল ভিললালবা। তাকে টাইব্রেকারের জন্য জেরেমিয়াস ফ্লোরেন্টিনের জায়গায় নামানো হয়। যে মার্টিনেজ কাতার বিশ্বকাপের কোয়ার্টার ফাইনাল ও ফাইনালে টাইব্রেকারে দলের জয়ের নায়ক ছিলেন। আর্জেন্টিনা তাই নির্ধারিত সময়ে ৩-৩ গোলের সমতার পরে টাইব্রেকারে ৪-২ গোলে হেরে ফিফা অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপের ফাইনালে ওঠা থেকে বঞ্চিত হয়েছে। তাদের হারিয়ে ফাইনালে উঠে গেছে জার্মানি। যে জার্মানির কাছে বড়দের বিশ্বকাপে ২০১৪ বিশ্বকাপের ফাইনালসহ একাধিকবার স্বপ্ন ভেঙেছে আর্জেন্টিনার।

ইন্দোনেশিয়ার মানাহান স্টেডিয়ামে ম্যাচ নিয়ন্ত্রণে রেখেছিল আর্জেন্টিনা। ম্যাচের ৯ মিনিটে তরুণ আলবিসেলেস্তেরা ১-০ গোলে পিছিয়ে পড়ে। গোল করেন জার্মানির উইঙ্গার প্যারিস ব্রুনার। কিন্তু আর্জেন্টাইন স্ট্রাইকার রুবেরতো দুই গোল করে দলকে প্রথমার্ধে লিড এনে দেন। ম্যাচের ৩৬ মিনিটে দলকে সমতায় ফেরান তিনি। প্রথমার্ধের যোগ করা সময়ে এগিয়ে নেন ২-১ গোলে। দ্বিতীয়ার্ধের শুরুতে জার্মানি সমতায় ফেরে। প্যারিস ব্রুনার ৫৮ মিনিটে গোল করে দলকে সমতায় ফেরান। আর্জেন্টিনার গোলরক্ষক ফ্লোরেন্টিনের ভুলে ৬৯ মিনিটে ম্যাক্স মোয়েস্টেড দলকে ৩-২ গোলে এগিয়ে নিয়ে ফাইনালে পথে তুলে নেন। কিন্তু হাল না ছাড়া আর্জেন্টিনা যোগ করা সময়ে অর্থাৎ ৯৭ মিনিটে গোল করে ম্যাচ টাইব্রেকারে নিয়ে যায়। রুবেরতো হ্যাটট্রিক পূর্ণ করেন। কিন্তু টাইব্রেকারে প্রথম তিন শটের দুটি মিস করে আর্জেন্টিনা অনূর্ধ্ব-১৭ দল। প্রথম শটই মিস করে ফ্রাঙ্কো মাস্টানতুনো। দ্বিতীয় শট মিস করে এচেভেরি। ওই দুই শটেই গোল করে জার্মানি। তবে তারা তৃতীয় শট মিস করায় তিন শট শেষে ২-১ দাঁড়ায় স্কোরবোর্ড। পরের দুই শটে জার্মানি গোল করে ফাইনালের উল্লাসে ভাসে। আসরের অপর সেমিফাইনালে সন্ধ্যায় ফ্রান্স অনূর্ধ্ব-১৭ ও মালি অনূর্ধ্ব-১৭ দল মুখোমুখি হবে।

## বিশ্বকাপে নিজেকে প্রমাণ করার
# সুযোগ না পেয়ে হতাশ ঈশান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপের দু'টি ম্যাচে খেলেছিলেন ঈশান কিশান। তারপর থেকে আর নেওয়া হয়নি। রোহিত শর্মা বা রাহুল দ্রাবিড় তাকে প্রথম একাদশে রাখার প্রয়োজন মনে করেননি। বিশ্বকাপের এক সপ্তাহ পরে সেই প্রসঙ্গে মুখ খুললেন ঈশান কিশান। জানালেন, বিশ্বকাপে নিজেকে প্রমাণ করার সুযোগ না পেয়ে তিনি হতাশ। তার আশা, সুযোগ পেলে ভাল খেলতে পারতেন।

বিশ্বকাপে সুযোগ না পেলেও অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টি-টোয়েন্টি সিরিজে রাখা হয়েছে তাকে। দু'টি ম্যাচে ১১০ রান করে ফর্মেই রয়েছেন। দ্বিতীয় ম্যাচের পরে সেই ঈশান বলেছেন, "বিশ্বকাপে আমরা চ্যাম্পিয়ন দলের মতোই খেলেছি। কিন্তু সেখানে আমি ছিলাম না। সুযোগ না পেয়ে খুব খারাপ লাগছিল। কিন্তু কিছু করার ছিল না। আন্তর্জাতিক ক্রিকেটে আপনি খেলতে না পারলেও মানসিকভাবে সব সময় তরতাজা থাকতে হবে। সুযোগ পেলেই সেটা কাজে লাগাতে হবে। পুরোপুরি সেটাকে ব্যবহার করতে হবে।"

এক দিনের বিশ্বকাপে সেভাবে না খেললেও ঈশানের আসল লক্ষ্য টি-টোয়েন্টি বিশ্বকাপ। সেই দলে তার সুযোগ পাওয়া কার্যত নিশ্চিত। এই সিরিজ সেই প্রতিযোগিতারই প্রস্তুতি এটা মেনে নিয়ে ঈশান বলেছেন, "দ্বিতীয় ম্যাচটা খেলে দারুণ লেগেছে। অনেকেই ভেবেছিল বল ঘুরবে। কিন্তু শিশির পড়ায় সেটা হয়নি। আমাদের দলটা তরুণ। আমরা সবাই চেষ্টা করি যত দ্রুত সম্ভব পিচ বুঝে নেওয়ার এবং তার সঙ্গে মানিয়ে নেওয়ার।"

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR